# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 30-07-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কল্যাণী এইমস থেকে পাশ করে বেরনো ডাক্তারদের দরিদ্র মানুষের সেবায় নিয়োজিত হওয়ার আহ্বান জানিয়েছেন। আজ কল্যাণী এইমস-এর প্রথম সমাবর্তনে যোগ দেন তিনি।

২) নির্বাচন কমিশনের মত সাংবিধানিক সংস্থার বিরুদ্ধে মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে রাজনীতি থেকে নিষিদ্ধ করার দাবি জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

৩) উত্তর দিনাজপুরের রায়গঞ্জ থেকে বিহারের কাটিহার জেলার বারসোই জংশন পর্যন্ত সড়ক পথ তৈরিতে কেন্দ্রীয় সরকার উদ্যোগী হয়েছে।

৪) পাহাড়ে প্রবল বর্ষণের কারণে কালিম্পং-এ ১০ নম্বর জাতীয় সড়কের একাধিক জায়গায় ধস নামার খবর মিলেছে।

ঘূর্ণাবর্ত ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যের জেলাগুলিতে আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে মাঝারি থেকে ভারি বর্ষণের পূর্বাভাস।

৫) ডুরান্ড কাপ ফুটবলে আগামীকাল মোহনবাগান, মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হচ্ছে।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নদীয়ার কল্যাণীতে অখিল ভারতীয় আয়ুর্বিজ্ঞান সংস্থান এইএমস-এর প্রথম সমাবর্তনে যোগ দিয়েছেন। দীক্ষান্ত ভাষণে রাষ্ট্রপতি বলেন, এই প্রতিষ্ঠান থেকে পাশ করে বেরনো ডাক্তারদের দরিদ্র মানুষের সেবায় নিয়োজিত হতে হবে। নদীয়া জেলা চৈতন্য মহাপ্রভু, নীলদর্পনের লেখক দীনবন্ধু মিত্র, বিপ্লবী বাঘাযতীন এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী ডক্টর বিধানচন্দ্র রায়ের মত মহান ব্যক্তিত্বদের পূণ্য ভূমি বলে উল্লেখ করে শ্রীমতি মুর্মু বলেন, কল্যাণী এইমসকেও সেই ধারা বয়ে নিয়ে যেতে হবে। টিকাকরণের দিক থেকে ভারত উল্লেখযোগ্য অগ্রগতি করেছে বলেও রাষ্ট্রপতি এদিন মন্তব্য করেছেন।

বাইট

রাষ্ট্রপতির কল্যাণী সফর নিয়ে আমাদের সংবাদাদাতার একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

তিনি প্রধান অতিথি হিসাবে আজ ৪৮ জন এমবিবিএস স্নাতক এবং ৯ জন স্নাতোকত্তর সার্টিফিকেট কোর্সের প্রশিক্ষিতদের হাতে ডিগ্রি তুলে দেন।

কল্যাণী থেকে রাষ্ট্রপতি দক্ষিণেশ্বরে ভবতারিণী মায়ের মন্দিরে পুজো দিতে যান। তিনি রামকৃষ্ণ পরমহংস দেবের ঘর দর্শনের পাশাপাশি লোকমাতা রাণী রাসমণী, সারদা দেবী এবং স্বামী বিবেকানন্দের প্রতিও শ্রদ্ধা নিবেদন করেছেন।

আজ রাজভবনে রাত্রিবাসের পর আগামীকাল বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে সাক্ষাতের কর্মসূচী রয়েছে রাষ্ট্রপতির। এরপর তিনি ঝাড়খন্ডের দেওঘরের উদ্দেশে রওনা দেবেন।

---------------------

নির্বাচন কমিশনের বিরুদ্ধে মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রীকে রাজনীতি থেকে নিষিদ্ধ করা উচিত বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দাবি করেছেন। দিল্লিতে আজ

সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুকান্ত বাবু বলেন, সংবিধানের শপথ নিয়ে একজন মুখ্যমন্ত্রী দেশের একটি সাংবিধানিক সংস্থা সম্পর্কে এই ধরনের মন্তব্য করতে পারেন কিনা সেটা চিন্তার বিষয়। নির্বাচন কমিশন ভোটার তালিকা নিবিড় সংশোধনের সিদ্ধান্ত নিয়েছে। তারা সেই কাজ অবশ্যই করবে।

বাইট

দিল্লী থেকে প্রশিক্ষণ নেওয়া এক হাজার বিএলও-কে সরিয়ে দিতে রাজ্য সরকার চক্রান্ত করছে বলে বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিতারী মন্তব্য করেছেন। এ বিষয়ে তদন্তের জন্যও তিনি নির্বাচন কমিশনকে আর্জি জানান।

---------------------

রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মীদের বুথ লেভেল অফিসার বা বিএলও হিসাবে নিয়োগের প্রতিবাদে আজ শিক্ষক ও শিক্ষাকর্মীরা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে ডেপুটেশন জমা দিয়েছেন। বিএলও ডিউটি প্রতিরোধ মঞ্চের ব্যানারে তারা বিক্ষোভও দেখান। প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন মাধ্যমিক শিক্ষা ও শিক্ষক কর্মী সমতিরি সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ, শিক্ষক অনিমেষ হালদার প্রমুখ। চিঠিতে তাঁরা বিএলও ডিউটি থেকে অব্যাহতি দেওয়ার দাবি জানান। নীলকান্ত বাবু বলেন, শিক্ষা বহির্ভূত অর্থাত্ নির্বাচন সংক্রান্ত কাজে অনিচ্ছুকদেরও বিএলও ডিউটি দেওয়া হচ্ছে।

---------------------

ভোটার কার্ড তৈরি হওয়ার মাত্র ১৫ দিনের মধ্যেই যাতে তা সংশ্লিষ্ট ভোটারের কাছে পৌঁছে দিতে উদ্যোগী হয়েছে নির্বাচন কমিশন। কমিশন সূত্রে জানা গেছে, এতদিন

পর্যন্ত ভোটার কার্ড তৈরি হওয়ার পর তা প্রথমে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে আসত। সেখান থেকে যেত জেলা স্তরে। তারপরে স্থানীয় পোস্ট অফিস মারফত ভোটারের ঠিকানায় পাঠানো হত । এই দীর্ঘমেয়াদি প্রক্রিয়ায় যেমন সময় লাগত অনেক বেশি, তেমনই বিতরণের ক্ষেত্রেও সমস্যা দেখা যেত। বহু ক্ষেত্রে কার্ড ভুল ঠিকানায়য় পৌঁছনো বা হারিয়ে যাওয়ার অভিযোগ উঠত। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে আজ এক গুরুত্বপূর্ণ বৈঠক হয় । ডাক ও তার বিভাগের আধিকারিকরা এবং সরস্বতী প্রেসের প্রতিনিধিদের উপস্থিতিতে ওই বৈঠকে সিদ্ধান্ত নেওয়ী হয়েছে সরস্বতী প্রেসে ভোটার কার্ড ছাপানোর পর, সেখান থেকে কলকাতার জি পি ও মারফত সরাসরি সংশ্লিষ্ট ভোটারদের ঠিকানায় পাঠানো হবে। এর ফলে ভোটার কার্ড প্রস্তুত হওয়ার ১৫ দিনের মধ্যে তা আবেদনকারি হাতে পাবেন বলে কমিশন আশাবাদী।

---------------------

ভিন রাজ্যে বাংলাভাষীদের হেনস্থার অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে আজ এক সাংবাদিক সম্মেলন করা হয়। মালদার চাঁচোলের যে পরিবারটি দিল্লিতে অত্যাচারিত বলে রাজ্যের শাসক দল অভিযোগ করেছে, তাদের সদস্যদের এই সাংবাদিক বৈঠকে হাজির করা হয়। উপস্থিত ছিলেন পুর ও নগরোন্নয়নমন্ত্রী ফিরহাদ হাকিম। পরিবারের সদস্য সাজিনুর পারভিন জানিয়েছেন, নির্যাতনের জেরে তারা কোনরকমে দিল্লি থেকে পালিয়ে এসেছেন। এব্যাপারে তারা কলকাতা পুলিশের দ্বারস্থ হবেন বলেও জানা গেছে।

উল্লেখ্য, দিল্লী পুলিশ আগেই নির্যাতনের অভিযোগকে সম্পূর্ণ ভিত্তিহীন এবং মনগড়া বলে খারিজ করে দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দিল্লীতে মালদার ওই

পরিযায়ী পরিবারের একটি শিশু ও তার মাকে পুলিশ নিষ্ঠুর ভাবে মেরেছে বলে যে অভিযোগ করেছিলেন, সেটিও সম্পূর্ণ ভিত্তিহীন বলেও দাবি দিল্লি পুলিশের। পূর্ব দিল্লির ডিসিপি অভিষেক ধানিয়া এক বার্তায় জানান, পূর্ণাঙ্গ তদন্তের পরে দেখা গেছে দিল্লী পুলিশের ভাবমূর্তি কালিমালিপ্ত করার জন্যই একটি ভিডিও তৈরি করে তা ছড়ানো হয়েছে।

---------------------

একাধিক বাংলাদেশী পাসপোর্ট, এদেশের আধার এবং বিভিন্ন ঠিকানার রেশন কার্ড সহ কলকাতার গল্ফগ্রীন থেকে এক বাংলাদেশী যুবতীকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত শান্তা পাল, বিক্রমগড় এলাকায় একটি বাড়ি ভাড়া নিয়ে থাকতো বলে জানা গেছে। আগামীকাল তাকে আদালতে তোলা হবে।

---------------------

উত্তর দিনাজপুরের রায়গঞ্জ থেকে বিহারের কাটিহার জেলার বারসোই জংশন পর্যন্ত সড়ক পথ তৈরিতে কেন্দ্রীয় সরকার উদ্যোগী হয়েছে। প্রায় ২২ কিলোমিটার দীর্ঘ সড়ক সংযোগ প্রকল্পের সমীক্ষা ও বিস্তারিত প্রকল্প রিপোর্ট তৈরির জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রক এক কোটি ৮৪ লক্ষ টাকা বরাদ্দ করেছে। অগ্রাধিকারের ভিত্তিতে এই সড়ক প্রকল্পটি তৈরির জন্য রায়গঞ্জের বিজেপি সাংসদ কার্তিক চন্দ্র পাল কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়কড়ির সঙ্গে সাক্ষাত্ করেন। সমীক্ষার পরের পর্যায় জমি অধিগ্রহণ করা হবে।

---------------------

পাহাড়ে প্রবল বর্ষনের দরুন তিস্তা নদীর দোমহনী থেকে বাংলাদেশ পর্যন্ত বিস্তীর্ণ এলাকায় লাল সতর্কতা জারি রয়েছে। এর ফলে প্লাবিত ময়নাগুড়ি ও ক্রান্তি ব্লকের একাংশ। বাসুসুবা অঞ্চলের কেরানি পাড়া এলাকায় জলমগ্ন শতাধিক বাড়ি। মঙ্গলবার থেকে তিস্তার জল বাড়তে শুরু করেছে। ডুবে গেছে রাস্তা এবং জাতীয় সড়কের একাংশ।

---------------------

ঘূর্নাবর্ত এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গে আগামী দুদিন এবং উত্তরবঙ্গে আগামী তিন দিন বিক্ষিপ্তভাবে মাঝারি থেকে ভারী এবং কোন কোন জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী শনিবার থেকে উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে বলেও জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত।

---------------------

কলকাতা মেট্রো রেলের ব্লু লাইনে কবি সুভাষ স্টেশনের আপ প্ল্যাটফর্মের কয়েকটি কলামের ফাটল দেখার প্রেক্ষিতে সংশ্লিষ্ট জায়গা গুলি সম্পূর্ন ভেঙে দিয়ে পুনর্নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মেট্রো রেলের তরফে আজ এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কলকাতা মেট্রো রেলের এক মুখপাত্র জানিয়েছেন। তিনি বলেন, যাত্রী সুরক্ষাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিয়েই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পুরো কাজ সম্পন্ন করে মেট্রো চলাচল পুনরায় স্বাভাবিক করতে ৬ থেকে ৮ মাস সময় লাগবে বলে তিনি আশা প্রকাশ করেন।

---------------------

কলকাতার প্রগতী ময়দান থানা এলাকায় হোটেল ম্যারিয়টের পিছনে একটি প্লাষ্টিক গুদামে আজ দুপুরে আগুন লাগে। দাহ্য পদার্থ, রাসায়নিক থাকার কারণে দ্রুত আগুন পাশের কয়েকটি ঝুপড়িতে ছড়িয়ে পড়ে। দমকলের ৬টি ইঞ্জিন ঘটনাস্থলে যায়। বিকেল চারটে পাঁচ নাগাদ আগুন নিয়ন্ত্রনে আসে। স্থানীয়দের অভিযোগ দমকল দেরীতে আসায় আগুন নেভাতে দেরি হয়েছে।

----------------------

মোহনবাগান সুপার জায়ান্ট, আগামীকাল ডুরান্ড কাপ ফুটবল অভিযান শুরু করবে। গ্রুপ বি-র ম্যাচে মোহনবাগান, মহামেডান স্পোর্টিং এর মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। মহামেডান স্পোর্টিং তাদের প্রথম ম্যাচে ডায়মন্ড হারবার এফসি, র কাছে ১-২ গোলে পরাজিত হয়েছে।

---------------------- ----------------------